CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2020/TDC(CBCS)/ODD/SEM/**
**BNGHCC–102T/359**

**TDC (CBCS) Odd Semester Exam., 2020**
**held in March, 2021**

# BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGHCC–102T

( প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য )

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

১। যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) 'হাজার বছরের পুরানো বাংলা ভাষায় বৌদ্ধগান ও দোঁহা' গ্রন্থটি কত সালে, কার সম্পাদনায় প্রকাশিত হয়?

(খ) 'চর্যাপদ'-এর টীকাকারের নাম কী ছিল? তিনি কোন্ ভাষায় 'চর্যাপদ'-এর টীকা রচনা করেছিলেন?

(গ) 'চর্যাপদ'-এর ভাষাকে 'সন্ধ্যা ভাষা' কেন বলা হয়েছে, সংক্ষেপে লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



(ঘ) তোমার পঠিত 'চর্যাপদ' গ্রন্থের যে-কোন দুজন পদকর্তার নাম লেখো।

(ঙ) 'মাথুর' পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? তিনি কোন্ ভাষায় তাঁর পদগুলি রচনা করেছিলেন?

(চ) মধুর বা শৃঙ্গার রসের দুটি ভাগ। সেগুলি কী কী?

(ছ) শূন্যস্থান পূর্ণ করো :
"রূপের ____ আঁখি ডুবি সে রহিল।
যৌবনের বনে মন ____ গেল॥"

(জ) "সখি হে হামারি দুখের নাহি ওর।" এই বৈষ্ণব পদটি কোন্ রস পর্যায়ের এবং পদকর্তা কে?

(ঝ) মুকুন্দরামের 'চণ্ডীমঙ্গল' কাব্যটি কী নামে পরিচিত? কাব্যটিতে কয়টি খণ্ড আছে?

(ঞ) কালকেতুর পিতার নাম কী? কার সঙ্গে তার বিবাহ হয়েছিল?

(ট) কালকেতু দেবী প্রদত্ত সোনার আংটি কার নিকট বিক্রয় করতে গিয়েছিল? সে এটিকে কীসের নির্মিত বলে কালকেতুকে ঠকাতে চেয়েছিল?

(ঠ) "তুমি খুড়া হৈলে বন্দী অনুক্ষণ আমি কান্দি
বহূ তোমার নাহি খায় ভাত।"
উক্তিটি কার? কালকেতু কোন্ রাজার কাছে বন্দী হয়েছিল?





(ড) মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের আবির্ভাব ও তিরোভাবের খ্রিস্টাব্দ নির্দেশ করো।

(ঢ) 'চৈতন্যলীলার ব্যাস' কাকে বলা হয়? তাঁর মাতার নাম কী ছিল?

(ণ) বৃন্দাবনদাস কার নির্দেশে ও উপদেশে তাঁর 'চৈতন্যভাগবত' গ্রন্থটি রচনা করেন? কাব্যটিতে কয়টি খণ্ড আছে?

(ত) "পিতা মাতা কাহারে না করে প্রভু ভয়।
বিশ্বরূপ অগ্রজ দেখিলে নম্র হয়॥"
বিশ্বরূপ কার অগ্রজ ছিলেন? তিনি গৃহী না সন্ন্যাসী হয়েছিলেন?

(থ) কোন্ শাক্ত পদকর্তার উপাধি 'কবিরঞ্জন' এবং এই উপাধি তাঁকে কে দিয়েছিলেন?

(দ) "গিরি এবার আমার উমা এলে আর উমা পাঠাবো না,
বলে বলুক লোকে মন্দ, কারো কথা শুনবো না।"
উদ্ধৃত কবিতাংশ 'শাক্ত পদাবলী'-র কোন্ পর্যায়ের অন্তর্ভুক্ত? কবিতাংশটি কোন্ কবির রচিত?

(ধ) 'শাক্ত পদাবলী'-র অবলম্বিত রস কোনটি? রামপ্রসাদ গৃহী সাধক না সন্ন্যাসী সাধক ছিলেন?

(ন) কিশোরী গৌরী বা উমার পিত্রালয় কোথায়? বিয়ের পর তাঁর স্বামীর সাথে তিনি কোথায় বাস করতেন?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## SECTION—B

যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

২। তোমার পঠিত চর্যার পদগুলিতে সাধারণ মানুষের দৈনন্দিন জীবনযাত্রার যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও।

৩। ''নগর বাহিরে ডোম্বি তোহোরি কুড়িআ।
ছোই ছোই যাইসো ব্রাহ্ম নাড়িআ॥''

কাহ্নপাদ বিরচিত দশ সংখ্যক চর্যার এই পদটির মর্মার্থ বিশ্লেষণ করো।

৪। বৈষ্ণব পদাবলী সাহিত্যে পূর্বরাগ কাকে বলে, বোঝাও। পঠিত পদগুলি অবলম্বনে পূর্বরাগময়ী রাধিকার একটি রেখাচিত্র অঙ্কন করো।

৫। একজন প্রসিদ্ধ সমালোচক মন্তব্য করেছেন—''অভিসারের পদে গোবিন্দদাস রাজাধিরাজ। তাঁহার একাধিপত্যে সন্দেহ জাগাইবার মতো দ্বিতীয় বৈষ্ণব কবি নাই।'' এই মন্তব্যের নিরিখে তাঁর অভিসারের পদগুলির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

৬। পাঠ্যাংশ হতে উপযুক্ত দৃষ্টান্ত সংগ্রহ করে মুকুন্দরামের বাস্তবনিষ্ঠা, সমাজচেতনা ও আধুনিকতার পরিচয় দাও।

৭। ''কবিকঙ্কণ মঙ্গলকাব্যের চিরাচরিত বারমাস্যার বর্ণনাকে জীবন্ত করে তুলেছেন—নারী মনস্তত্ত্বের রূপায়ণে।'' মুকুন্দরামের 'চণ্ডীমঙ্গল' কাব্যের 'ফুল্লরার বারমাস্যা' অংশটি আলোচনা করে উক্তিটির যাথার্থ্য নিরূপণ করো।





৮। ''চৈতন্যভাগবতের নাম চৈতন্যমঙ্গল ছিল।
বৃন্দাবনের মহান্তেরা ভাগবত আখ্যা দিল॥''

'চৈতন্যভাগবত'-এর নামকরণ প্রসঙ্গে যে বিভিন্ন মতামত আছে সে বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

৯। তোমার পঠিত 'চৈতন্যভাগবত'-এর আদিখণ্ড অবলম্বনে শ্রীচৈতন্যের বাল্যলীলার বর্ণনা দাও।

১০। 'শাক্ত পদাবলী'-র 'আগমনী' ও 'বিজয়া' পর্যায়ের সঙ্গীতগুলোতে বাঙালির গার্হস্থ্য জীবনের যে সরস বর্ণনা পাওয়া যায় তার পরিচয় দাও।

১১। তোমার পঠিত 'শাক্ত পদাবলী'-র পদগুলো অবলম্বনে সাধক কবি রামপ্রসাদের কবিকৃতির বিষয়ে আলোচনা করো।

★★★